


জাপান ফেয়ার ট্রেড কমিশন (JFTC) ও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (BCC) এর মধ্যে অনুষ্ঠিত
আলোচনা সভা বিষয়ক প্রেস রিলিজ

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মেলন কক্ষে অদ্য ২৫ নভেম্বর, ২০১৯ সকাল ১০:০০ টায় জাপান ফেয়ার ট্রেড কমিশন (JFTC) ও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (BCC) এর কর্মকর্তাদের মধ্যে আলোচনা ও অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় জাপান ফেয়ার ট্রেড কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব সুয়াজোনো সাদাকি এর নেতৃত্বে ৫ (পাঁচ) সদস্যের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করে। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এর নেতৃত্বে কমিশনের সম্মানিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ সহ বাণিজ্য মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ট্যারিফ কমিশন, বিএফটিআই এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উভয়পক্ষের মধ্যে এমওইউ স্বাক্ষর, কারিগরি সহায়তা প্রদান এবং প্রতিযোগিতা আইন বাস্তবায়নে প্রতিবন্ধকতা বিষয়ে আলোচনা হয়। কারিগরি জ্ঞান, ব্যবসায়ের ভবিষ্যৎ গতিপ্রকৃতি পরিবর্তন যেমন **disruptive innovation, digital economy, e-commerce, internet of things** ইত্যাদি চ্যালেঞ্জের মোকাবেলায় আলোচনা সভায় উভয়পক্ষের মধ্যে ভবিষ্যৎ সহযোগিতার রূপরেখা নির্ধারণ করা হয়। এছাড়াও পারস্পরিক সৌহার্দ্যের সম্পর্ক বজায় রাখার অঙ্গীকার করা হয়।



মোঃ দেলোয়ার হোসেন

সচিব

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

মোঃ দেলোয়ার হোসেন

সচিব

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
বাণিজ্য মন্ত্রণালয়